

দুয়ারে সরকার ক্যাম্পেনে কন্যাশ্রী FAQ নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দপ্তর

কারা কন্যাশ্রী প্রকল্পের উপভোক্তা?

যে কোনও মেয়ে

- যে অবিবাহিতা এবং
- যার বয়স ১৩ থেকে ১৯ এর মধ্যে এবং
- যে পশ্চিমবঙ্গের বাসিন্দা এবং
- যে সরকার স্বীকৃত কোনো প্রতিষ্ঠানে পাঠরতা এবং
- যার নিজের নামে একটা ব্যাঙ্ক অ্যাকাউন্ট আছে।

কন্যাশ্রী আবেদনপত্রের সাথে কি কি নথি জমা দিতে হবে?

- (a) বাবা-মা/আইনি-অভিভাবকের ভোটার কার্ডের ফটোকপি,
- (b) উপযুক্ত কর্তৃপক্ষের থেকে গৃহীত জন্মের নথির ফটোকপি,
- (c) আবেদনকারীর বৈবাহিক অবস্থার ঘোষণা (বয়স ১৮র কম হলে মা-বাবা বা আইনি অভিভাবক দেবে, ১৮র বেশি বয়স হলে আবেদনকারী দেবে),
- (d) ব্যাঙ্ক অ্যাকাউন্টের দরকারি তথ্যসহ পাশবইয়ের পাতার ফটোকপি,
- (e) আবেদনকারী যদি ১৩ বছর বা তার বেশি (১৯ বছর বয়সের মধ্যে) বয়সের হয় কিন্তু অষ্টম শ্রেণীর নিচে পাঠরতা হয় এবং তার ৪০% বা তার বেশি প্রতিবন্ধকতা থাকে তবে উপযুক্ত কর্তৃপক্ষের থেকে গৃহীত 'প্রতিবন্ধকতার শংসাপত্র'র ফটোকপি,
- (f) সাদা ব্যাকগ্রাউন্ডে রঙ্গিন পাসপোর্ট ছবি।

কন্যাশ্রী প্রকল্পের সুবিধা কি ?

এই প্রকল্পের দুটি বিভাগ :

- ১) বাৎসরিক অনুদান (K1) - অষ্টম শ্রেণী বা তার উর্দে পাঠরতা ১৩ থেকে ১৮ বছরের অবিবাহিতা মেয়েরা K1 পাওয়ার উপযুক্ত ও বাৎসরিক ১০০০ টাকা (এক হাজার টাকা) পাবে।
- ২) এককালীন অনুদান (K2) - অষ্টম শ্রেণী বা তার উর্দে পাঠরতা ১৮ থেকে ১৯ বছরের অবিবাহিতা মেয়েরা K2 পাওয়ার উপযুক্ত ও এককালীন ২৫০০০ টাকা (পঁচিশ হাজার টাকা) পাবে।

কন্যাশ্রী মেয়েরা কোথায় আবেদনপত্র জমা দেবে?

যোগ্য মেয়েরা প্রকল্পের সুবিধা পাওয়ার জন্য তাদের স্কুল/কলেজ-এ আবেদনপত্র জমা দেবে। ফর্ম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (স্কুল/কলেজ) থেকে পাওয়া যাবে।

কিভাবে কন্যাশ্রীর সুবিধা পাওয়া যাবে?

আবেদন অনুমোদিত (sanction) হলে টাকা সরাসরি উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা পড়বে। সমস্ত তথ্যের জন্য কন্যাশ্রী ওয়েবসাইট www.wbkanyashree.gov.in দেখতে হবে।